চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১
পটিয়া, চট্টগ্রাম।
ইমেইল:ctgpbs1@yahoo.com, ওয়েব: pbs1.chittagong.gov.bd

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.১৫৬১.৫২৪.০২.০০৮.২৫. ১৯৪৪

তারিখ: ০৭ বৈশাখ, ১৪৩২ ব.
২০ এপ্রিল, ২০২৫ খ্রি.

# "ক্যাশিয়ার পদে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ "ক্যাশিয়ার" এর শূন্য পদ পূরণের লক্ষ্যে "পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)" ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী "সহকারী ক্যাশিয়ার" গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

**প্রার্থীর যোগ্যতা:**

ক) প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ পেয়ে উত্তীর্ণসহ পবিসে ন্যূনতম ০৭ (সাত) বছর নিয়মিতভাবে সহকারি ক্যাশিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে।
খ) কম্পিউটার ও অন্যান্য অফিস ইকুইপমেন্ট পরিচালনায় দক্ষ হতে হবে।
গ) প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) টি ইংরেজি ও ১০ (দশ) টি বাংলা শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।
ঘ) নিরাপত্তা জামানত হিসেবে ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা প্রদানের আর্থিক সক্ষমতা থাকতে হবে। যা সন্তোষজনক চাকুরী শেষে মুনাফাসহ ফেরত পদান করা হবে।
ঙ) গ্রাহকগণের সাথে সৌজন্যমূলক ও মাধুর্য্যপূর্ণ আচরণ করার মানসিকতা ও সক্ষমতা থাকতে হবে।

**শর্তাবলী :**

০১। আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ এবং (ঠ) নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ **আগামী ০৩-০৫-২০২৫ খ্রি: তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, পটিয়া, চট্টগ্রাম** এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে:**
(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি;
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;
(গ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন রেটিং এর সত্যায়িত অনুলিপি;
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
(ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি;
(চ) সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
(ছ) আবেদনকারীকে পদোন্নতির জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ ও অনাপত্তির সনদ পত্র, বিগত সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা উল্লেখ পূর্বক বর্তমানে তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না :**
(ক) কোন কর্মচারীর উপর কোন দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১ (এক) বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ (দুই) বছর যোগ্য বিবেচিত হবেন না (দন্ডাদেশে দন্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে উল্লিখিত সময়কাল গণনা শুরু হবে)।
(খ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
(গ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।
(ঘ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০৪। **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে:**
(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী"তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে;
(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে;
(গ) "পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২)" এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৬। সহকারী ক্যাশিয়ার হিসেবে যে স্থায়ী ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন স্বাপেক্ষে স্ব স্ব পদে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় সংশ্লিষ্ট পদে দক্ষতার মান উন্নয়নের জন্য চলতি দায়িত্বের মেয়াদ অনধিক সর্বোচ্চ ০৬ (ছয়) মাস বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৮। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন-ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধা সংরক্ষণ করা হবে।

০৯। পদোন্নতির ক্ষেত্রে কোন কোটা প্রযোজ্য হবে না। তবে পবিসের ভৌগোলিক এলাকা চট্টগ্রাম জেলার ০৮ টি উপজেলা **যথা-পটিয়া, চন্দনাইশ, সাতকানিয়া, লোহাগাড়া, বাঁশখালী, আনোয়ারা, বোয়ালখালী ও কর্ণফুলী** উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নেই।

১০। বর্ণিত পদে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১১। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

20/04/25

(প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৪. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................১/২/৩/৪।
৫. ডিজিএম-লোহাগাড়া/চন্দনাইশ/বোয়ালখালী/আনোয়ারা/বাঁশখালী/সাতকানিয়া/কর্ণফুলী/কারিগরী, চট্টগ্রাম পবিস-১।
৬. এজিএম (ওএন্ডএম), গুনাগরী সাব জোনাল অফিস, চট্টগ্রাম পবিস-১।
৭. এজিএম-প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা, চট্টগ্রাম পবিস-১।
৮. এজিএম-(আইটি), চট্টগ্রাম পবিস-১ **(বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশ করবেন)।**
৯. নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-১।
১০. অফিস কপি/মাস্টার কপি।

20/04/25

(প্রকৌ. দীলিপ চন্দ্র চৌধুরী)
সিনিয়র জেনারেল ম্যানেজার